গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# ৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় অংশগ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

**সভাপতি** : **মোঃ নাসির উদ্দিন আহমেদ**
সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার স্থান : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে।
সভার তারিখ ও সময় : ২৫ সেপ্টেম্বর ২০১৮ বেলা ১১:০০ টা।
সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা সংযুক্তি-১ সন্নিবেশিত হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, আগামী ৪-৬ অক্টোবর ২০১৮ দেশব্যাপী '৪র্থ জাতীয় উন্নয়ন মেলা' অনুষ্ঠিত হবে। এ বৎসর মেলার প্রতিপাদ্য বিষয় **'উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ'**। অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ আব্দুল মান্নান ইলিয়াস সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন, '৪র্থ জাতীয় উন্নয়ন মেলা' আয়োজন বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ নজিবুর রহমান এবং প্রধানমন্ত্রীর এসডিজি বিষয়ক মুখ্যসমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ মহোদয়ের উপস্থিতিতে গত ১৬ জুলাই ২০১৮ তারিখে একটি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত কনফারেন্সে জাতীয় উন্নয়ন মেলা অনুষ্ঠানের রূপরেখা বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত রূপরেখার আলোকে অনুযায়ী '৪র্থ জাতীয় উন্নয়ন মেলায়' সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। ঢাকা জেলা প্রশাসকের উদ্যোগে শেরে বাংলা নগরস্থ আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে ঢাকা জেলার উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় বিদেশি কূটনীতিক ও উন্নয়ন সহযোগীবৃন্দ থাকবেন এবং মেলার স্টলসমূহ পরিদর্শন করবেন। মেলায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্টলে সরকারের উন্নয়ন ও সেবামূলক কার্যক্রম, তথ্যবহুল ও বর্ণাঢ্যভাবে উপস্থাপন করতে হবে। ঢাকা জেলা অনুষ্ঠেয় মেলায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে দু'টি স্টল বরাদ্দের জন্য জেলা প্রশাসক, ঢাকা বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা '৪র্থ জাতীয় উন্নয়ন মেলায়' উপলক্ষ্যে স্ব-স্ব কর্মপরিকল্পনা আগামী ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ২। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি জেলা প্রশাসকগণের সাথে সমন্বয় করে প্রতিটি জেলায় আয়োজিত উন্নয়ন মেলায় অংশগ্রহণ করবে। জারি-সারি-কবিগান-ভাওয়াইয়া-ধামাইয়া-গম্ভীরা ইত্যাদি গান ও অন্যান্য সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে জঙ্গিবাদ, নারী নির্যাতন ও মাদক বিরোধী প্রচারণা চালাতে হবে। দেশের প্রতিটি জেলায় তার ঐতিহ্য, নিজস্ব স্বকীয়তা, বিশেষায়িত পণ্য, পর্যটক আকর্ষণ, ঐতিহ্যবাহী সংস্কৃতি ইত্যাদি বিষয়গুলো উপস্থাপন করতে হবে । | বাংলাদেশ শিল্পকলা একাডেমি জেলা কালচারাল অফিসার (সকল) |
| ২। | যে সকল জেলায় প্রত্নতাত্ত্বিক স্থাপনা রয়েছে প্রত্নতত্ত্ব অধিদপ্তর সে সকল জেলার জেলা প্রশাসকগণের সাথে সমন্বয় করে উন্নয়ন মেলায় অংশগ্রহণ করবে। প্রত্নতাত্ত্বিক ঐতিহ্যের পরিচিতি, প্রত্নস্থলের উন্নয়ন কার্যক্রম ও পর্যটন বিকাশের বিষয়ে মেলায় প্রচারণা চালাবে। | প্রত্নতত্ত্ব অধিদপ্তর |

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩। | গণগ্রন্থাগার অধিদপ্তর ও জাতীয় গ্রন্থকেন্দ্র জেলা প্রশাসকগণের সাথে সমন্বয় করে প্রতিটি জেলায় আয়োজিত উন্নয়ন মেলায় অংশগ্রহণ করে পুস্তক প্রদর্শনীর ও রচনা প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর<br>জাতীয় গ্রন্থকেন্দ্র |
| ৪। | ঢাকা জেলায় আয়োজিত উন্নয়ন মেলায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্টলে এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রম প্রদর্শন করা হবে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্টল দৃষ্টিনন্দন, তথ্যবহুল ও বর্ণাঢ্যভাবে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর |
| ৫। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার উল্লেখযোগ্য প্রকাশনাসমূহ, বিভিন্ন ধরণের চিত্রকর্ম, বিভিন্ন প্রত্নসামগ্রীর কাঠের রেপ্লিকা ও টেরাকোটা, কারুশিল্পের বিভিন্ন ধরনের পুতুল ও কারুপণ্য, উপজাতীয় কারুপণ্য ও মিউজিক্যাল ইন্সট্রুমেন্ট মেলাতে প্রদর্শন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |

০৩। সভাপতি '৪র্থ জাতীয় উন্নয়ন মেলার' কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/০৯/২০১৮
মোঃ নাসির উদ্দিন আহমেদ
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.২৩.০৬৪.১৮.

তারিখ: ১০ আশ্বিন ১৪২৫ / ২৫ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (সাংস্কৃতিক ঐতিহ্য)/ অতিরিক্ত সচিব (উন্নয়ন)/অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
৭। নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
৮। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৯। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বিচারপতি এস.এম. মোর্শেদ স্মরণী, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। রেজিস্ট্রার, কপিরাইট অফিস, বিচারপতি এস.এম. মোর্শেদ স্মরণী, শেরেবাংলা নগর, ঢাকা।
১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। জেলা প্রশাসক, ................................ ।
১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৫। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, নারায়ণগঞ্জ।
১৬। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
১৭। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোণা।
১৮। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি।
১৯। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
২০। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
২১। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
২২। পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী।
২৩। পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমি, মৌলভীবাজার।
২৪। অফিস কপি।

২৫/৯/১৮

টি এম মুছা তালুকদার
সহকারী সচিব
ফোন- ৯৫৪৬০৫৫

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.২৩.০৬৪.১৮.1984

১০ আশ্বিন ১৪২৫
২৫ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: **'৪র্থ জাতীয় উন্নয়ন মেলায়' অংশগ্রহণ প্রসঙ্গে।**

আগামী ৪-৬ অক্টোবর ২০১৮ দেশব্যাপী '৪র্থ জাতীয় উন্নয়ন মেলা' অনুষ্ঠিত হবে। এ বৎসর মেলার প্রতিপাদ্য বিষয় **'উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ'**। উক্ত উন্নয়ন মেলায় অংশগ্রহণ বিষয়ে দপ্তর/সংস্থাসমূহের স্ব-স্ব কর্মপরিকল্পনা আগামী ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

২৫/৯/১৮

টি এম মুছা তালুকদার
সহকারী সচিব
ফোন- ৯৫৪৬০৫৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
৫। নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৭। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বিচারপতি এস.এম. মোর্শেদ স্মরণী, শেরেবাংলা নগর, ঢাকা।
৮। রেজিস্ট্রার, কপিরাইট অফিস, বিচারপতি এস.এম. মোর্শেদ স্মরণী, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, নারায়ণগঞ্জ।
১০। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
১১। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোণা।
১২। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি।
১৩। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
১৪। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
১৫। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
১৬। পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী।
১৭। পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমি, মৌলভীবাজার।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। অফিস কপি।